মেয়াদ উত্তীর্ণ ওষধ থাকায় মুজিবনগরে দুই ওষধ ব্যবসায়ীকে অর্থদন্ড

মুজিবনগরে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে দুই ওষধ ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

আজ মঙ্গলবার (২১জুন)দুপুরের দিকে মুজিবনগর উপজেলার হাসপাতাল গেটের সিএম মেডিকেল হল ও হামীম ফার্মেসি এ অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ।

ওই ফার্মেসী দুটিতে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে হামীম ফার্মসীর মালিক হাফিজুর রহমানকে ৩ হাজার টাকা ও সিএম মেডিকেল হলের মালিক একেএম কামরুজ্জামানকে ৩ হাজার টাকা করে দুই ব্যবসায়ীকে ৬ হাজার টাকা অর্থদন্ড করেন। একই সাথে মেয়াদ উত্তীর্ণ বিভিন্ন ওষধ জব্দ করে বিনষ্ট করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ভোক্তাঅধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ধারা মতে ওই দুই ব্যবসায়ীকে ৬০০০ টাকা অর্থদন্ড করা হয়েছে।

এসময় মেহেরপুর স্যানেটারী পরিদর্শক তারিকুল ইসলাম ও মুজিবনগর থানা পুলিশের একটি দল সাথে ছিলেন।

মেহেরপুরে ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত

“বছর ব্যাপী ফল চাষে, অর্থ পুষ্টি দুই-ই আসে “এই প্রতিপাদ্যে ২১-২৩ জুন তিন দিনব্যাপী কৃষি সম্প্রসারণ ও জেলাপ্রশাসকের উদ্যোগে

ফল মেলা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকালে কৃষি সম্প্রসারণের খামারবাড়ি চত্বরে এ মৌসুমি ফল মেলার আয়োজন করা হয়। বিভিন্ন ধরনের ফলে সুঘ্রাণে মুখরিত ছিল অনুষ্ঠান স্থল।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপপরিচালক কৃষিবিদ শামসুল আলম।
প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মনসুর আলম খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম।

এ ছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বারাদি হটিকালচারের উপপরিচালক হাবিবুল ইসলাম খান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক এ কে এম কামরুজ্জামান, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নাসরিন পারভীন সহ বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী, কৃষক ও খামারি প্রমুখ।

এ ফল মেলায় আম, কাঠাল, আনারস, পেপে, পেয়ারা, লিচু, কলা, লটকন, জামরুল, খেজুর, ড্রাগন প্রভৃতি ফলসহ প্রায় ২০ প্রজাতির ফল প্রদর্শন করা হয়। জাঙ্ক ফুড ও অস্বাস্থ্যকর খাবার থেকে বিরত রাখা এবং পুষ্টিমান সম্পন্ন নানান ধরনের ফলের সাথে পরিচয় করিয়ে দিতে এই আয়োজন করা হয়।

মেহেরপুরে বজ্রপাতে কৃষক নিহত, আহত দুই গৃহবধুসহ ৪ জন

মেহেরপুরে পৃথক স্থানে বজ্রপাতে আবু বক্কর সিদ্দিক (৪৫) নামে এক কৃষক নিহত ও দুই গৃহবধু আহত হয়েছেন। নিহত আবু বক্কর সিদ্দিক মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের রিয়াজ উদ্দীনের ছেলে।

আজ মঙ্গলবার (২১ জুন) দুপুরের দিকে এ বজ্রপাতের ঘটনা ঘটে।

এছাড়া আহতরা হলেন একই উপজেলার গোপালপুর গ্রামের আব্দুস সালামের

স্ত্রী আঙ্গুরা খাতুন (৩০) ও রাজাপুর গ্রামের মজিদুল ইসলামের স্ত্রী কহিনুর বেগম (২৫), রাধাকান্তপুর গ্রামের কৃষক আহসান আলী
(৪০) ও রহমতুল্লাহ ।

আহত আঙ্গুরা ও কহিনুরের অবস্থা আশংকাজনক বলে জানিয়েছেন ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্তব্যরত চিকিৎসক বেলাল সুমন।



স্থানীয়রা জানান, কৃষক আবু বক্কর সিদ্দিক স্থানীয় মাঠে ধান রোপন করছিলেন। ঝুম বৃষ্টির সাথে বজ্রপাত হলে আবু বক্কর সিদ্দিক গুরুতর আহত হন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।

২৫০ শয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বেলাল সুমন জানান, আহত দুই নারীর অবস্থা আশংকাজনক। হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে তাদের।

পদ্মা সেতুর কারণে পাল্টে যাবে সারাদেশের চিত্র

সরকার ও বিরোধী দলের সদস্যরা বলেছেন, চ্যালেঞ্জ মোকাবেলা করে নিজস্ব অর্থায়নে প্রধানমন্ত্রী পদ্মা সেতু নির্মাণ করেছেন। এই সেতুর কারণে পাল্টে যাবে সারাদেশে চিত্র। তারা আরো বলেন, এখনো ষড়যন্ত্র চলছে। এ সম্পর্কে সবাইকে সতর্ক করতে হবে।

গতকাল সোমবার জাতীয় সংসদে প্রস্তাবিত ২০২২-২৩ অর্থবছরের বাজেটের ওপর সাধারণ আলোচনায় অংশ নিয়ে তারা এসব কথা বলেন।

আলোচনায় অংশ নেন সাবেক স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. আ ফ ম রুহুল হক, সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদ, সরকারি দলের কাজী কেরামত আলী, বেগম মুনিরা সুলতানা, মুহিবুর রহমান মানিক, জিল্লুল হাকিম, নারায়ণ চন্দ্র চন্দ, বেনজির আহমেদ, তাহজিব আলম

সিদ্দিকী, গ্লোরিয়া ঝর্ণা সরকার, বেগম হাবিবা রহমান খান, হোসনে আরা, রানা মোহাম্মদ সোহেল, সালমা চৌধুরী ও আদিবা আনজুম মিতা এবং বিরোধী দল জাতীয় পার্টির মাসুদ উদ্দিন চৌধুরী ও বিকল্পধারা বাংলাদেশের মেজর (অব.) আবদুল মান্নান।

অধ্যাপক ডা. আ ফ ম রুহুল হক বলেন, বর্তমান সরকারের গত ১৩ বছরের উন্নয়নের কথা বলে শেষ করা যাবে না। এ সময়ে সারাদেশের চিত্রই পাল্টে গেছে। জাতীয় ও আন্তর্জাতিক নানা ষড়যন্ত্র ও বাঁধা মোকাবেলা করেই স্বপ্নের পদ্মা সেতু নিজস্ব অর্থায়নে নির্মাণ করে গোটা বিশ্বকে চমকে দিয়েছেন। প্রধানমন্ত্রীর দূরদর্শী সিদ্ধান্তের কারণে সারাদেশের মানুষকে বিনামূল্যে ভ্যাকসিন দিয়ে সফলভাবে করোনা মোকাবেলা করেছেন, যা বিশ্বের কাছে প্রশংসা পাচ্ছে।

সমাজকল্যাণ মন্ত্রী নুরুজ্জামান আহমেদ, আজকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের নেতৃত্বে দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে, এটা সমগ্র বিশ্বে প্রশংসা পাচ্ছে। কিন্তু বিএনপি সেই উন্নয়ন দেখতে পায় না। জনবিচ্ছিন্ন এই দলটি এখনো ষড়যন্ত্রের মাধ্যমে ক্ষমতা দখলের চেষ্টায় লিপ্ত। উন্নয়ন ও অগ্রগতির ধারা অব্যাহত রাখতে দেশবাসীকে বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

মেজর (অব.) আবদুল মান্নান সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে পদ্মা সেতু নির্মাণ করায় প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে বলেন, বঙ্গবন্ধুর আদর্শ ও চেতনা বুকে ধারণ করে চ্যালেঞ্জ মোকাবেলা করে নিজস্ব অর্থায়নে প্রধানমন্ত্রী পদ্মা সেতু নির্মাণ করেছেন। এর মাধ্যমে একদিকে শেখ হাসিনা একজন আত্মবিশ্বাসী ও দৃঢ়প্রতীজ্ঞ রাষ্ট্রনায়ক হিসেবে বিশ্বে পরিচিতি পেয়েছে, অন্যদিকে বিশ্ববাসীও বাংলাদেশের সক্ষমতা জানতে পেরেছে। এটাতে দেশের ভাবমূর্তি অনেকে বেড়েছে।

তিনি বিদেশে পাচার হওয়া অর্থ দেশে ফেরত আনতে প্রস্তাবিত বাজেটের সুযোগটি সঠিক উল্লেখ করে বলেন, পৃথিবীর বহু দেশ নানা কলা-কৌশলে পাচার হওয়া টাকা দেশে ফেরত এনে বিনিয়োগ করে। আমাদেরও এসব টাকা ফেরত এনে পুঁজিবাজার কিংবা শিল্প-কারখানায় বিনিয়োগ কর যেতে পারে।

মুহিবুর রহমান মানিক বলেন, বিএনপি দলীয় এমপি আজকে বন্যা নিয়ে

তাহজীব আলম সিদ্দিকী বলেন, পদ্মা সেতু আমাদের সোনার সেতু। সক্ষমতার প্রতীক। জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে দিশেহারা হয়ে পড়েছে বিএনপি। দেশে কিছু করতে না পারে বিদেশীদের কাছে ধর্না দিয়ে মিথ্যাচারের মাধ্যমে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করছে। মিথ্যাচার করে দেশের মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। কিন্তু তাদের কোন ষড়যন্ত্রই দেশের জনগণ মেনে নেবে না।

সূত্র: যুগান্তর

মেহেরপুরের নবনির্বাচিত পৌর মেয়রকে ফুলেল শুভেচ্ছা

মেহেরপুর পৌরসভার নবনির্বাচিত মেয়র ও মেহেরপুর জেলা যুব লীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটনকে ফুলের মালা দিয়ে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ।
সোমবার সকাল ১১ টার দিকে পুরাতন পোষ্ট অফিস পাড়াস্থ্য নবনির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটনের নিজস্ব বাসভবনে মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির পরিচালনা পরিষদের সদস্যবৃন্দ ফুলের মালা পরিয়ে এ অভিনন্দন ও শুভেচ্ছা জানান ।
এসময় মেহেরপুর জেলা অবসর প্রাপ্ত সরকারি কর্মচারি কল্যাণ সমিতির সভাপতি মোঃ নুরুল ইসলাম, সাধারণ সম্পাদক মোঃ মোয়াজ্জেম হোসেন, কোষাধ্যক্ষ মোঃ আঃ রহমান, নির্বাহী সদস্য মোঃ ইব্রাহিম প্রমূখ উপস্থিত ছিলেন।
এ সময় নব নির্বাচিত মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, আমি আপনাদের ও জনগনের ভালবাসা নিয়ে এই মেহেরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হয়েছি। আমি সুখে দুখে আপনাদের সহযোগীতা কামনা করি।
উল্লেখ্য, গত ১৫ জুন মেহেরপুর পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনিত নৌকার প্রার্থী হয়ে নির্বাচন করে বিপুল ভোটে জয়লাভ করে মেয়র পদে পুন:নির্বাচিত হন মাহফুজুর রহমান রিটন।

[redacted]

[redacted]

আসামি মতিউর রহমান পলাতক থাকায়, সে আটকের দিন থেকে তার সাজার মেয়াদ গননা শুরু হবে। মামলার রাষ্ট্রপক্ষের অতিরিক্ত পিপি কাজী শহীদ এবং আসামি পক্ষে এডভোকেট রাশেদুল হক জুয়েল কৌশলী ছিলেন।

বিনামূল্যে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ

কৃষিই সমৃদ্ধি-এই স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদ হলরুমে সোমবার সকাল ১১টায় কৃষি প্রনোদনা কর্মসূচীর আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ /২০২২-২০২৩ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার কানিজ ফাতেমা লিজা এর সভাপতিত্বে বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক কৃষিবিদ মো: আজগর আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু প্রমুখ।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান বিশ্বাস।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার ড, মাহফুজুর রহমান এবং পরিচালনা করেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আবুল হাসনাত।

অনুষ্ঠানে ৫০০ জন কৃষকদের মাঝে পেঁয়াজ বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়। কৃষক প্রতি গ্রীষ্মকালীন ঘ-৫৩ ভ্যরাইটির এক কেজি পেঁয়াজ বীজ ও ২০ কেজি পটাশ এবং ২০ কেজি ডিএপি সার, পলিথিন, বিভিন্ন উপকরণ সহ ২৮০০ টাকা বিতরণ করা হয়। অনুষ্ঠান শেষে আগত অতিথিবৃন্দ

ফলমেলা ২০২২ উদ্বোধন করেন।

আলমডাঙ্গায় মাদক সেবনের অপরাধে মাদকসেবীর ১ বছরের কারাদণ্ড

আলমডাঙ্গার ঘোষবিলায় মাদক সেবনের অভিযোগে এক যুবককে ১ বছরের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। সোমবার দুপুর সাড়ে ৩ টার দিকে ঘোষবিলা এলাকায় এ ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের ঘোষবিলা গ্রামের বাবলুর ছেলে খোকন (৩৭)। সে দীর্ঘদিন গাঁজা সেবন করে আসছিলো। গাঁজা সেবনের কারণে পরিবারে লোকজনে উপরে নির্যাতন করতো।

এমন সংবাদের ভিত্তিতে জামজামি ফাঁড়িপুলিশ ঘোষবিলা গ্রামে মাদক বিরোধী অভিযান চালায়। এসময় মাদক সেবী খোকনের বাড়ি থেকে ৪ পুরিয়া গাঁজাসহ সরাঞ্জাম উদ্ধার করে।

বিষয়টি উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরকে অবহিত করেন। দুপুর ৩ টার দিকে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত হয়ে খোকনকে ১ বছরে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করে। এছাড়াও ১ হাজার টাকা জরিমানা করে।

মেহেরপুরে ভারতীয় কাপড় ব্যবসায়ীর দুই বছরের জেল

মেহেরপুরে জসীমউদ্দীন নামের এক ব্যক্তিকে ২ বছরের সশ্রম কারাদণ্ড, ২ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরো ৩ মাসের কারাদণ্ড দিয়েছেন মেহেরপুর স্পেশাল ট্রাইবুনাল-২ আদালতের বিচারক রিপতি

কুমার বিশ্বাস।

সোমবার দুপুরের দিকে এ রায় দেন তিনি। দন্ডিত জসীমউদ্দীন মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নুহু নবীর ছেলে।

মামলার বিবরণে জানা গেছে ২০১৪ সালের ২৫ অক্টোবর মেহেরপুর সদর থানার এসআই ফারুক হোসেন শরীফের নেতৃত্বে পুলিশের একটি ইউনিসট গোপন সূত্রে খবর সদর উপজেলার চাঁদবিল গ্রামের একটি মসজিদের কাছে অভিযান চালান।

ওই সময় দন্ডিত জসিম উদ্দিন ও হাফিজুর রহমানকে আটক করার পর তাদের বহনকারী আলগামন থেকে ভারতীয় কাপড় উদ্ধার করেন।

ওই ঘটনায় এসআই ফারুক হোসেন শরীফ বাদী হয়ে ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনে ২৫ বি (১)(বি) ধারায় মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার স্পেশাল ট্রাইবুনাল কেস নং ১৫৮/২০১৫। জি আর কেস নং ৩৪৮/১৪।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা মামলার প্রাথমিক তদন্ত শেষ করে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ৭ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

আসামি জসীম উদ্দীন ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনে ২৫ বি (২) ধারায় দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে ২ বছর সশ্রম কারাদণ্ড, ২ হাজার টাকা জরিমানা অনাদায়ে আরো ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ডাদেশ দেন।

মামলার অপর আসামি হাফিজুর রহমানের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় আদালত তাঁকে বেকসুর খালাসের আদেশ দেন। মামলায় জব্দকৃত কাপড়-চোপড় রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত ঘোষণা করা হয়

বামন্দী বাজারের দৈত্যকার বট

গাছটি এখন মরণ ফাঁদ

মেহেরপুরে জেলার বাণিজ্যিক নগরী বামন্দী। ব্যাস্ততম এই উপশহরে প্রতিদিনই বিভিন্ন এলাকার হাজার হাজার মানুষ বিভিন্ন কাজে কর্মে আসেন। বামন্দী শহরের ব্যাস্ততম এ মোড়ে প্রতিদিন শত শত যানবাহন ও মানুষ চলাচল করে থাকে।

বামন্দী বাজারের প্রাণকেন্দ্রে ব্যাংক এশিয়ার সামনে দৈত্যকার সেই শতবর্ষী মৃত বটগাছটি এখন এলাকার মানুষের জন্য মরণফাঁদে পরিণত হয়েছে। ঝুঁকিপূর্ণ গাছটি ভেঙ্গে পড়ে যে কোনো সময় ঘটতে পারে মর্মান্তিক দূর্ঘটনা।

ইতোমধ্যে গাছটির কয়েকটি শাখা ডাল ভেঙ্গে পড়েছে। যেকোন সময় ভেঙ্গে পড়তে পারে অবশিষ্ট ডালগুলো। গাছটি ভেঙ্গে পড়লে জান মালের ক্ষতি সাধিত হতে পারে বলে জানালেন স্থানীয় ব্যবসায়ীরা।

বামন্দী বাজারের স্থানীয় ক্রোকারিজ ব্যবসায়ী আসাদুজ্জামান স্বপন বলেন, গাছটি অনেক আগেই মারা গেছে। এটি দীর্ঘদিন যাবৎ এভাবে দাঁড়িয়ে থাকায় এখন ঝুঁকিপূর্ণ হয়ে গেছে।

স্থানীয় হার্ডওয়্যার ব্যবসায়ী আব্দুল মালেক চপল বিশ্বাস জানান, গাছটি কেটে অপসারণের জন্য প্রশাসনের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। অনতিবিলম্বে কেটে অপসারণ না করা হলে যে কোনো সময় ঘটতে পারে প্রাণহানির মত ঘটনা। বিষয়টি গাংনী উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

স্থানীয় ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল বলেন, আমি ঢাকাতে এসেছি। ফিরে এসেই উপজেলা প্রশাসনের সাথে কথা বলে প্রয়োজনীয় পদক্ষেপ নেবো।